কবিতা/গল্প প্রকাশ



নিজস্ব লেখা "কবিতা/গল্প" সংবাদপত্রে প্রকাশিত করতে - ৯০৬২৮৬৭৯২১



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746



Graphic Design Work



Flex ,Poster ,Card ,Cartoon , Logo ,Newspaper ,Book , Magazine & other.

9836753622



PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য- 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 7 APRIL 2026 ,TUESDAY | ৭ এপ্রিল ২০২৬ ,মঙ্গলবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-126


## বিচারাধীন ভোটারদের লাইন আলিপুরদুয়ারে




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৬ এপ্রিল :** বিচারাধীন ভোটারদের লাইন লেগেছে আলিপুরদুয়ার জেলায় ভোটার তালিকায় নাম তোলার জন্য। সকাল থেকেই আলিপুরদুয়ার জেলা শহরে বিভিন্ন এলাকা থেকে ভোটাররা আসতে শুরু করেছে। আলিপুরদুয়ার রবীন্দ্র ভবনে গিয়ে দেখা গেল কয়েক হাজার বাসিন্দা রয়েছেন রবীন্দ্র ভবনে বিচারাধীন তালিকায় তাদের নাম রয়েছে। এস আই আর এর তালিকা প্রকাশিত হওয়ার পর তারা জানতে পেরেছেন তাদের নাম বিচারাদিন আর এরপরেই ভোটার তালিকায় নাম তোলার জন্য ব্যস্ত হয়ে পড়েছেন ভোটাররা।

## পর্ণশ্রীতে বিজেপির নির্বাচনী কার্যালয় পরিদর্শনে শুভেন্দু



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কলকাতা ,৬ এপ্রিল :** রবিবার বেহালার পর্ণশ্রী তে বিজেপির নির্বাচনী কার্যালয়ে হামলার ঘটনায় চাঞ্চল্য ছড়ায়। পুলিশ তদন্তে নেমে কয়েকজন হামলাকারি কে গ্রেফতার করে । তবে এই ঘটনার পর সোমবার বেহালার পর্ণশ্রী তে বিজেপির নির্বাচনী কার্যালয় পরিদর্শন করলেন শুভেন্দু অধিকারী । নির্বাচনী কার্যালয় থেকে শাসকদলের বিরুদ্ধে একের পর এক কটাক্ষ ছুঁড়ে দেন । শুভেন্দু অধিকারী এদিন তৃণমূল সুপ্রিমোর উদ্দেশ্যেও কটাক্ষ করেন । নির্বাচনী কার্যালয়ে হামলার বিষয়ে শুভেন্দু অধিকারী বলেন - আইনি ভাবে প্রতিবাদ করা হবে । এদিন শুভেন্দু অধিকারী ছাড়াও উপস্থিত ছিলেন রাজ্য বিজেপি যুব মোর্চার সভাপতি তথা বেহালা পশ্চিম বিধানসভার বিজেপি প্রার্থী ডাঃ ইন্দ্রনীল খাঁ সহ নেতা কর্মীরা।

# ম্যালেরিয়ার উৎপত্তিস্থল কামাখ্যাগুড়ি হাসপাতালে



**মলয় দেবনাথ ,এই যুগ , আলিপুরদুয়ার ,৬ এপ্রিল :** শুখা মরশুম থেকে শুরু করে বর্ষাকালে জল জমে থাকে কামাখ্যাগুড়ি গ্রামীণ হাসপাতালে । এমনটাই দেখা গেল ওই হাসপাতালে গিয়ে সোমবার বিকেল চারটে নাগাদ। সারা বছর ধরে নিকাশি নালায় জমে রয়েছে জল নোংরা আবর্জনায় পরিপূর্ণ।। আর সেই নোংরা আবর্জনা জল থেকেই উৎপন্ন হচ্ছে মশার। রীতিমতো ম্যালেরিয়ার আতুর ঘরে পরিণত হয়েছে কামাক্ষ্যাগুড়ি গ্রামীণ হাসপাতালের সামনে অংশ। একদিকে নিকাশি নালায় জমে রয়েছে জল নোংরা আবর্জনা অন্যদিকে বেশ কিছু ব্যবসায়ী বাইরে থেকে নোংরা আবর্জনা ফেলছেন হাসপাতাল চত্বরে। যদিও স্বাস্থ্য আধিকারিক জানিয়েছেন নোংরা আবর্জনা ফেলানো নিয়ে বারবার সাবধান করা হচ্ছে তবুও কাজ হচ্ছে না । তবে কামাখ্যাগুড়ি দুই নম্বর গ্রাম পঞ্চায়েত দপ্তরের পাশেই গ্রামীন হাসপাতালের এই চিত্র নিয়ে প্রশ্ন তুলেছেন আমজনতা প্রশাসনের দিকে।

# শালকুমারে অবরোধ ,বাড়ি ভাঙচুর , পুলিশের ব্যাপক লাঠিচার্জ ,গ্রেপ্তার ১২



**মলয় দেবনাথ ,এই যুগ , আলিপুরদুয়ার ,৬ এপ্রিল :** এক নাবালিকার শরীরে হাত দেওয়ার পরই রণক্ষেত্র হয়ে উঠলো আলিপুরদুয়ার জেলার এক নম্বর ব্লক। পথ অবরোধ ভাঙচুর ঠেকাতে পুলিশকে ব্যাপকভাবে লাঠিচার্জ করতে হয়েছে। ঘটনাটি ঘটেছে আলিপুরদুয়ার এক নম্বর ব্লকের শালকুমার মোড় এলাকায়। রবিবার রাতে এক নাবালিকার শরীরে হাত দিয়েছিল ৫৪ বছরের এক ব্যক্তি। রাতে এই বিষয়টি নিয়ে উত্তেজনা ছড়ায়। রাতেই অভিযুক্তকে গ্রেফতার করে সোনাপুর ফাঁড়ির পুলিশ। সোমবার সকাল থেকেই উত্তেজনা ছড়াতে থাকে এলাকায়। গ্রামবাসীরা পথ অবরোধ করে। পুলিশ এবং কেন্দ্রীয় বাহিনীর জওয়ান গিয়ে অবরোধ তুলে দিতে চায় এরপরেই উত্তেজিত জনতা অভিযুক্তর বাড়িতে গিয়ে ভাঙচুর চালায়। ঘটনাস্থলে যায় আলিপুরদুয়ার জেলার পুলিশ সুপার। পুলিশ সুপারের নির্দেশে ১২ জনকে গ্রেফতার করা হয়। পুলিশ ব্যাপক লাঠিচার্জ করেছে। পুলিশ সুপার জানিয়েছেন এই ঘটনায় যারা জড়িত তাদেরকে গ্রেফতার করা হবে।

# হাতিচলাচলের করিডরে ধূপগুড়ির সোনাখালী জঙ্গলে অবৈধ নির্মাণ




**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,জলপাইগুড়ি ,৬ এপ্রিল :** বনদপ্তরের চোখের সামনে, হাতির চলাচলের গুরুত্বপূর্ণ করিডরের একেবারে গা ঘেঁষে রাতারাতি গড়ে উঠছে ‘অবৈধ’ নির্মাণ। ধূপগুড়ি মহকুমার চামড়াগুদাম এলাকার সোনাখালী জঙ্গল সংলগ্ন এই নির্মাণকে কেন্দ্র করে তীব্র রাজনৈতিক বিতর্ক শুরু হয়েছে। প্রশাসনের ভূমিকা নিয়ে উঠছে বড় প্রশ্ন—তবে কি বন ও বন্যপ্রাণ রক্ষার আইন শুধুই কাগজে-কলমে? স্থানীয় সূত্রে জানা গিয়েছে, জঙ্গল থেকে কয়েক হাত দূরের একটি ব্যক্তিগত জমিতে হঠাৎ করেই উঁচু ও মোটা দেওয়াল নির্মাণ করা হয়েছে। প্রথমে অন্য কাজের কথা বলা হলেও বর্তমানে সেখানে রিসোর্ট বা হোমস্টে তৈরির পরিকল্পনা চলছে বলে অভিযোগ এলাকাবাসীর। আর এখানেই শুরু হয়েছে ক্ষোভ—হাতির করিডরের পাশে কীভাবে এমন নির্মাণের সাহস পেল মালিকপক্ষ?

গ্রামবাসীদের অভিযোগ, বনদপ্তরের আধিকারিকরা আগেই এলাকা পরিদর্শন করলেও রহস্যজনকভাবে এরপর আর কোনও পদক্ষেপ নেওয়া হয়নি। বরং রাতের অন্ধকারে দ্রুত গতিতে নির্মাণ কাজ এগিয়ে চলেছে। বাধা দিতে গেলে স্থানীয়দের হুমকি দেওয়ার অভিযোগও সামনে এসেছে। ফলে সাধারণ মানুষের প্রশ্ন—প্রশাসনের নীরবতা কি ইচ্ছাকৃত?

বাসিন্দাদের আশঙ্কা, হাতির স্বাভাবিক চলাচলের পথ আটকে গেলে পরিস্থিতি ভয়াবহ হতে পারে। উঁচু দেওয়াল তৈরি হলে হাতির দল দিশেহারা হয়ে জনবসতিতে ঢুকে পড়তে পারে, যার ফল হবে প্রাণ ও সম্পদের মারাত্মক ক্ষতি। অথচ এই বিপদের সম্ভাবনা জেনেও প্রশাসনের নিষ্ক্রিয়তা ক্ষোভ আরও বাড়াচ্ছে।

সবচেয়ে বড় বিতর্ক তৈরি হয়েছে বনদপ্তরের অবস্থান ঘিরে। মোরাঘাট রেঞ্জের রেঞ্জার চন্দন ভট্টাচার্যের বক্তব্য—ব্যক্তিগত জমিতে কী কাজ হবে তা সরাসরি বনদপ্তর নিয়ন্ত্রণ করতে পারে না। কিন্তু প্রশ্ন উঠছে, একই সোনাখালী জঙ্গল এলাকায় এর আগেই হাতির করিডরে উঁচু দেওয়াল নির্মাণ বনদপ্তর নিজেই বন্ধ করে দিয়েছিল। তাহলে এবার আলাদা নিয়ম কেন? কার স্বার্থে এই ‘নীরবতা’?, ক্ষোভের সঞ্চার এলাকাবাসীর মধ্যে।

# কামাখ্যাগুড়ি তে এক্সরে অপারেটর নিয়োগ





**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৬ এপ্রিল :** এক্সরে অপারেটর আছে কিন্তু এক্সরে মেশিন নেই। আলিপুরদুয়ার জেলার কামাখ্যাগুড়ি গ্রামীণ হাসপাতালে এমন চিত্র ধরা পড়েছে। গ্রামীণ হাসপাতালে কোন এক্সরে মেশিন নেই অথচ এক্সরে অপারেটর নিয়োগ করা হয়েছে হাসপাতালে। স্বাভাবিক ভাবেই স্বাস্থ্যকর্তাদের ভূমিকা নিয়ে প্রশ্ন উঠেছে। কুমারগ্রাম ব্লকের স্বাস্থ্যকর্তা আশাবাদী খুব শীঘ্রই এক্সরে মেশিন হয়তো এসে পৌঁছাবে কামাখ্যাগুড়ি গ্রামীণ হাসপাতালে। স্বাস্থ্য দপ্তরের উদাসীনতায় সাধারণ রোগীদের মধ্যে ক্ষোভ তৈরি হযেছে।

# জাতীয় সড়কে লম্বা লাইন দূরপাল্লার গাড়ির



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৬ এপ্রিল :** আসামে রাজনৈতিক সভা থাকায় ৩১ নম্বর জাতীয় সড়কে দূরপাল্লার গাড়িগুলোকে আটকে দিয়েছে পুলিশ । যদিও জানা গেছে বারোবিশায় গাড়ি আটকে দেওয়া হয়েছে । কয়েক কিলোমিটার লম্বা লাইন হয়ে গেছে দূরপাল্লার গাড়ি গুলির ৩১ নম্বর জাতীয় সড়কে। জানা গেছে অসমে নরেন্দ্র মোদী সভা করবেন সোমবার আর এর ফলেই জাতীয় সড়কের দূরপাল্লার গাড়ি গুলি কে আটকে দেওয়া হয়েছে।




EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |